যুগান্তর

তারিখ ০7 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ... 2

সরকারি কলেজ

# আত্তীকৃতদের ক্যাডারভুক্ত না করার দাবি

যুগান্তর রিপোর্ট

নতুন জাতীয়করণ করা সরকারি কলেজের শিক্ষকদের শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত না করার দাবি জানিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। রোববার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনটির নেতারা এ দাবি উত্থাপন করেন। এ সময় সমিতির সভাপতি অধ্যাপক আইকে সেলিমউল্লাহ খোন্দকার সতর্ক করে বলেন, 'যদি আত্তীকৃত শিক্ষকদের ক্যাডারভুক্ত করা হয়, মামলা-পাল্টা মামলা হবে। শিক্ষকরা আদালতের বারান্দায় থাকবেন। এতে কলেজে সংঘর্ষ লেগে যাবে। শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবেন।'

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের মহাসচিব শাহেদুল খবির চৌধুরী। এ সময় সমিতির কেন্দ্রীয় এবং ঢাকা মহানগরীর বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। মহাসচিব বলেন, 'আমরা দাবি জানাচ্ছি, বিসিএসে উত্তীর্ণ ছাড়া অন্য কোনো পথে আসা কাউকে ক্যাডারভুক্ত করা যাবে না। জাতীয়করণকৃত কলেজের শিক্ষকরা নন-ক্যাডার শিক্ষক হিসেবে বিবেচিত হবেন।'

লিখিত বক্তব্যে ছয় দফা দাবি উত্থাপন করে বলা হয়, উপজেলা পর্যায়ে বেসরকারি কলেজ জাতীয়করণ সরকারের গণমুখী উদ্যোগ। তবে শিক্ষা ক্যাডার সদস্যদের কাছে উদ্বেগের বিষয় হচ্ছে, এসব কলেজের শিক্ষকদের জাতীয়করণের প্রকৃতি নিয়ে। মানসম্মত শিক্ষা নিশ্চিতের স্বার্থে সর্বোচ্চ মেধা ও মান নিশ্চিত করে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারভুক্ত শিক্ষকদের নিয়োগ দেয়া হয়েছে। অপরদিকে জাতীয়করণ হওয়া কলেজের শিক্ষকদের অধিকাংশই বিসিএসে অংশ নিয়ে অনুত্তীর্ণ হয়েছেন, অনেকে প্রিলিমিনারিতেই বাদ পড়েছেন। তাই অতীতের মতো এ ক্যাডারের মর্যাদা; সুনাম, শৃংখলা ব্যাহত করার কোনো উদ্যোগ নেয়া হলে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি তা মেনে নেবে না। বিসিএস সদস্যদের সব সুবিধা অক্ষুণ্ন রেখে জাতীয়করণকৃত শিক্ষকদের জন্য পৃথক পরিচালনা, নিয়োগ, জ্যেষ্ঠতা ও পদোন্নতির নীতিমালা করতে হবে।